দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 17 SEP 2017 ...
পৃষ্ঠা ... ১৪ ... কলাম ... ৬ ......

# মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে খুলনায় মানববন্ধন

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা মেডিক্যাল কলেজ হাসপাতালকে ১ হাজার শয্যায় উন্নীতকরণসহ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবি জানিয়েছে বৃহত্তর খুলনা উন্নয়ন সংগ্রাম সমন্বয় কমিটি। শনিবার বেলা ১১টায় খুলনা মেডিক্যাল কলেজ ও হাসপাতালের সামনে অনুষ্ঠিত মানববন্ধনে এ দাবি জানানো হয়। মানববন্ধনে শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতালকে পূর্ণাঙ্গরূপে চালু, খুলনা সদর হাসপাতালের আধুনিকায়ন ও খুলনা নার্সিং কলেজ দ্রুত চালু করার জন্য দাবি করা হয়। মানববন্ধনে বিভিন্ন শ্রেণী-পেশার বহু মানুষ অংশগ্রহণ করে।

বৃহত্তর খুলনা উন্নয়ন সংগ্রাম সমন্বয় কমিটির সভাপতি শেখ মোশাররফ হোসেনের সভাপতিত্বে ও প্রচার সম্পাদক মিজানুর রহমান জিয়ার পরিচালনায় অনুষ্ঠিত মানববন্ধনে উপস্থিত ছিলেন- খুলনা সদর আসনের সংসদ সদস্য আলহাজ মিজানুর রহমান মিজান, উন্নয়ন কমিটির মহাসচিব শেখ আশরাফ উজ জামান, এ্যাডভোকেট এস এম মঞ্জুর উল আলম, উন্নয়ন কমিটির নেতা এস এম দাউদ আলী প্রমুখ।

বক্তারা বলেন, খুলনা দেশের তৃতীয় বৃহত্তর শিল্প ও বন্দরনগরী হওয়া সত্ত্বেও এ অঞ্চলের মানুষ পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবায় অন্যান্য এলাকার তুলনায় পিছিয়ে রয়েছে। শহীদ শেখ আবু নাসের বিশেষায়িত হাসপাতাল প্রতিষ্ঠা করা হলেও পূর্ণাঙ্গরূপে এখনও চালু হয়নি।

খুলনা সদর হাসপাতালের আধুনিকায়নের ছোঁয়া লাগেনি। খুলনা নার্সিং কলেজ চালু হয়নি। বক্তারা স্বাস্থ্যসেবার মানোন্নয়নে ওই বিষয়গুলোর বিষয়ে অবিলম্বে পদক্ষেপ গ্রহণের দাবি জানান।


পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
| | |
|---|---|
| উপ-পরিচালক বিভাগ | |
| উপ ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর